দৈনিক বাংলা

তারিখ ২৪/৭/৮২
পৃষ্ঠা ... কলাম ...

032

# স্কুল ছাত্রদের স্বাস্থ্য শিক্ষাদানের আহ্বান: সন্ধানীর অনুষ্ঠানে স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও জনসংখ্যা নিয়ন্ত্রণ মন্ত্রী জনাব আবদুর রহমান বিশ্বাস গতকাল বলেছেন যে জাতীয় উন্নয়নের বহুক্ষেত্রে আমরা ব্যর্থ হয়েছি, কিন্তু কোন অবস্থাতেই আমরা আমাদের শিশুদের প্রকৃত ও দেশপ্রেমিক নাগরিক হিসেবে গড়ে তুলতে ব্যর্থ হতে পারি না। তিনি বলেন, আমাদের সন্তানরা হচ্ছে জাতির সবচেয়ে বড় সম্পদ এবং তাদের সুষ্ঠু ও যথার্থ বিকাশের জন্য প্রচেষ্টা চালানো উচিত।

মেডিক্যাল ছাত্রদের স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান 'সন্ধানী' আয়োজিত স্কুল স্বাস্থ্য কর্মসূচীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিতে গিয়ে মন্ত্রী একথা বলেন। ঢাকা মেডিক্যাল কলেজ প্রাঙ্গণে গতকাল এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। 'স্কুল স্বাস্থ্য কর্মসূচীর' লক্ষ্য হচ্ছে স্কুল ছাত্রদের স্বাস্থ্য, চিকিৎসা, পরিবেশ ও পুষ্টি সম্পর্কে শিক্ষাদান। মন্ত্রী এই কর্মসূচীর প্রশংসা করেন। মন্ত্রী বলেন, শিশুদের প্রাথমিক অবস্থায় যে শিক্ষা দেয়া যায় তা তারা সারা জীবন অনুসরণ করে। তিনি সন্ধানী সদস্য এবং বিশেষভাবে শিক্ষকদের প্রতি শিশুদের স্বাস্থ্য শিক্ষাদানের আহ্বান জানান। খবর বিজ্ঞপ্তির।

অনুষ্ঠানে অন্যানের মধ্যে বক্তৃতা করেন, বিশেষ অতিথি বাংলাদেশ রেডক্রস সমিতির সম্পাদক আলী হোসেন কোরেশী, ঢাকা মেডিক্যাল কলেজের কম্যুনিটি মেডিসিন-এর প্রফেসর, প্রফেসর কবির উদ্দিন, বাংলাদেশের ওয়ার্ল্ড ভিশন এর অয়ানে করটিস স্কুল স্বাস্থ্য সংক্রান্ত বহু পরামর্শদাতা এইচ. জে. হাসান।